

Office of the Chancellor

52 Chambers Street  
New York, NY 10007

212 374 0200 Tel  
212 374 5588 Fax

9 এপ্রিল, 2018

প্রিয় পিতামাতা,

একজন স্কুল চ্যান্সেলর হিসেবে আপনাদের সেবা দেয়ার সুযোগ লাভ করে আমি আনন্দিত। আমি পিতামাতা এবং পরিবারবর্গের সাথে মিলিত হতে এবং আপনাদের সন্তান ও স্কুল সম্পর্কে আপনাদের প্রত্যাশা জানতে আগ্রহের সাথে প্রতীক্ষা করছি।

আমি আমার জীবন এবং পেশাজীবনের কিছুটা আপনাদের সাথে শেয়ার করতে চাই। আমি বড় হয়েছি টাসকান, আরিজোনা - একজন শিট মেটাল ওয়ার্কার এবং একজন হেয়ারড্রেসারের সন্তান হিসেবে। আমার গ্রান্ডপ্যারেন্টস মেক্সিকো থেকে আসা অভিবাসী এবং কিন্ডারগার্টেনের আগে আমি কখনও ইংরেজি শিখিনি। যদিও আমার পিতামাতা কখনও কলেজে পড়েননি, কিন্তু তারা জানতেন যে, আমার জন্ম ভাই ও আমার ভবিষ্যতের উন্নতি নির্ভর করছে শিক্ষার উপর। তারা তাদের সন্তানদের জন্য চেয়েছেন আরও বেশি – একটি কলেজ ডিগ্রি এবং অর্থবহ কর্মজীবন। আমি জানি আপনারাও সন্তানের ব্যাপারে ওই একই সুযোগ প্রত্যাশা করেন।

আমি পাবলিক এডুকেশনের জন্য আমার জীবন উৎসর্গ করেছি কারণ সেটিই আমার পাওয়া শ্রেষ্ঠ উপহার। আমি প্রায় 30 বছর আগে ওই একই পাবলিক হাই স্কুলে শিক্ষকতা শুরু করেছি যেখানে আমি পড়েছি। আমি শুরু করেছিলাম একজন দ্বিভাষী সমাজ পাঠ এবং সঙ্গীত শিক্ষক হিসেবে, এবং পরে টাসকানের একটি হাই স্কুলের প্রিন্সিপ্যাল হই। তারপর আমি লাস ভোগাসে হাই একজন রিজিওন্যাল সুপারিনটেনডেন্ট হিসেবে, এবং সেখান থেকে স্যান ফ্রানসিসকোতে গিয়ে একজন সুপারিনটেনডেন্ট হিসেবে কাজ করি, এবং সর্বশেষ কাজ করেছি হিউস্টনে।

চ্যান্সেলর হিসেবে, আমার পরিকল্পনা আমাদের শিক্ষার্থী, শিক্ষকবৃন্দ, স্কুল এবং পরিবারবর্গ ইতোমধ্যে যে কঠোর পরিশ্রম করছে, তার উপর ভিত্তি করে শিক্ষাকে গড়ে তোলা। আমি বিশেষভাবে অভিনিবেশ প্রদান করতে চাই মেয়র বিল ব্লাসিও-র সবার জন্য সমতা এবং সাফল্যের (E&E) কর্মসূচির উপর। E&E হোল সেই চালিকাশক্তি যার মাধ্যমে আমরা প্রত্যেকটি চার-বছর বয়সী শিশুকে ফ্রি, পূর্ণ-দিবস, উচ্চ-মানের প্রি-কে ফর অল কর্মসূচিতে আসন প্রদান করি, এবং সেটিকে 3-K ফর অল কর্মসূচিতে সম্পর্কিত করে এই প্রতিটি বর্ধনশীল শিশুকে পরিষেবা দেই। আমাদের সর্বজনীন সাক্ষরতা প্রচেষ্টার মাধ্যমে, আমাদের সকল শিক্ষার্থী তাদের গ্রেড স্তরে পাঠ করতে পারছে। আমাদের শিক্ষার্থীদের অতি শৈশবের বছরগুলির বাইরেও, আমরা কলেজ অ্যাকসেস ফর অল এবং এপি ফর অল কর্মসূচির মাধ্যমে নিশ্চিত করছি যে, আমাদের গ্রাজুয়েটগন কলেজ ও পেশাজীবনের জন্য প্রস্তুত হয়। এই গুরুত্বপূর্ণ কাজে আপনারা আমাদের অংশীদার, এবং একযোগে আমরা এই বিষয়টি নিশ্চিতকরণ অব্যাহত রাখবো যেন আপনাদের সন্তানগণ নিয়মিত স্কুলে যায় এবং লেখাপড়ায় প্রতিশ্রুতিবদ্ধ থাকে।

আমি এটিও বিশ্বাস করি, স্কুলগুলি এমন জায়গা যেখানে শিক্ষার্থীরা শুধু শিক্ষাই লাভ করে না। সেগুলো আমাদের কমিউনিটির প্রাণকেন্দ্র – এবং শিক্ষার্থী ও পরিবারের জন্য সুযোগ, সহায়তা, এবং কল্যাণের সেতুবন্ধ। পরবর্তী প্রজন্মকে ক্ষমতায়িত করতে হলে তাদেরকে উন্নত শিক্ষায় শিক্ষিত করাই হলো সেরা উপায়।

আমি আপনাদের সাথে এই যাত্রায় সহযাত্রী হয়ে আনন্দিত, এবং আগামী মাসগুলোতে আপনাদের অনেকের সাথে মিলিত হবার প্রত্যাশায় আছি। আপনাদের সন্তানগণ নিউ ইয়র্ক সিটির ভবিষ্যত ডাক্তার, প্রযুক্তির নেতৃত্বদানকারী, শিক্ষক, এবং মেয়র। আমি তাদের প্রত্যেককে পরিষেবা প্রদানে, শ্রেষ্ঠ দিতে, এবং যন্ত্র নিতে প্রতিশ্রুতিবদ্ধ।

বিশ্বস্ত,



রিচার্ড এ. কারানজা  
চ্যান্সেলর